বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +০৮৮-২-৪৮১১৮৮১৫, ৪৮১১৩৭৫৪, ৫৮১৫১৪০৯, ৫৮১৫১৩৯৪, ফ্যাক্স: +৮৮০-২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

www.bilsbd.org

তারিখ: ৫ এপ্রিল ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

বিল্‌স এর সাবেক নির্বাহী পরিচালক মরহুম মোঃ জাফরুল হাসান এর প্রথম মৃত্যুবার্ষিকীতে দোয়া কামনা

সংগ্রামী ট্রেড ইউনিয়ন নেতা ও বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স এর সাবেক যুগ্ম-মহাসচিব ও নির্বাহী পরিচালক মরহুম মোঃ জাফরুল হাসানের প্রথম মৃত্যুবার্ষিকী আগামীকাল মঙ্গলবার (৬ এপ্রিল ২০২১)। মরহুমের মৃত্যুবার্ষিকীতে তার আত্মার মাগফিরাত কামনা করে বিল্‌স পরিবারের পক্ষে দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন বিল্‌স চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান সিরাজ এবং মহাসচিব নজরুল ইসলাম খান। উল্লেখ্য, ক্যান্সারে আক্রান্ত হয়ে মোঃ জাফরুল হাসান ২০২০ সালের ৬ এপ্রিল চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরন করেন।

সংগ্রামী ট্রেড ইউনিয়ন নেতা মোঃ জাফরুল হাসানের জন্ম ৯ ফেব্রুয়ারী, ১৯৪৬, ফরিদপুরে। তাঁর শিক্ষা জীবন ম্যাট্রিকুলেশন, ঈশান স্কুল, ফরিদপুর, ১৯৬১। এইচ.এস.সি পাশ করেন রাজেন্দ্র কলেজ, ফরিদপুর থেকে ১৯৬৩ সালে। এরপর ১৯৬৬ সালে ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং সম্পন্ন করেন। তিনি ১৯৬৭ সালে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে উপ-সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করে ২০০৫ সালে একই পদে অবসর গ্রহণ করেন (ট্রেড ইউনিয়ন সম্পৃক্ততার কারনে পদন্নোতি গ্রহণ করেন নি)।

মোঃ জাফরুল হাসান ফরিদপুর রাজেন্দ্র কলেজ ছাত্র সংসদের নির্বাচিত ভিপি, ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ এর প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক, বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য এবং জাতীয়তাবাদী শ্রমিক দলের উপদেষ্টা ও সাবেক সাধারণ সম্পাদক ছিলেন। এ ছাড়াও তিনি বিএনপির সাবেক শ্রম বিষয়ক সম্পাদক ছিলেন।

আন্তর্জাতিক শ্রমিক আন্দোলনে সুপরিচিত শ্রমিক নেতা মোঃ জাফরুল হাসান পাবলিক সার্ভিস ইন্টারন্যাশনাল (পিএসআই) এর কেন্দ্রীয় এক্সিকিউটিভ বোর্ডের সদস্য ও আইএলও এবং বাংলাদেশের বিভিন্ন জাতীয় কমিটি ও কমিশনের সদস্য ছিলেন।

ধন্যবাদান্তে-

মামুন অর রশিদ
তথ্য কর্মকর্তা, বিল্‌স
মোবাইল: ০১৯১৪৮৯১২২৩